

জারির নম্বর- ২১০

তারিখ- ০৫.১২.২০২৩ খ্রিঃ

নোটিশ

- প্রাপক, ১। জেলা প্রশাসক মহোদয়ের নোটিশ বোর্ড, কুমিল্লা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের এস. এ শাখা/ ডিপি সেল, কুমিল্লা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গলকোট কুমিল্লা।
৪। সহকারী কমিশনার (ভূমি), নাঙ্গলকোট, কুমিল্লা।
৫। চেয়ারম্যান, ঢালুয়া ইউনিয়ন পরিষদ, নাঙ্গলকোট, কুমিল্লা।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ঢালুয়া ইউনিয়ন ভূমি অফিস, নাঙ্গলকোট, কুমিল্লা।
৭। এল. এ শাখার নোটিশ বোর্ড, কুমিল্লা।
৮। মৌজার প্রকাশ্য স্থানে লটকাইয়া জারী।
৯। জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন ১১১নং গোরমুড়া মৌজায় “এলজিইডির অধীন “পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন “ঢালুয়া বাজার জিসি-ধোরকার সড়কে ৫৫০০ মি: চেইনেজ ডাকাতিয়া নদীর উপর ১৫০ মি: পিসি গার্ডার ব্রীজ” নির্মাণ এর জন্য জন প্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারী করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারীর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে, প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিষয়ে নিম্ন স্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

০৫/১২/২০২৩ তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

তফসিল

মৌজা: গোরমুড়া,

জে.এল নং: ১১১,

উপজেলা: নাঙ্গলকোট,

জেলা: কুমিল্লা।

ক্র: নং	খতিয়ান নং		দাগ নং		দাগে মোট জমির পরিমাণ (একরে)	জমির শ্রেণী	প্রস্তাবিত পরিমাণ (একরে)	মন্তব্য
	বি.এস	সৃজিত	(পূর্ণ)	(আংশিক)				
১	১/১, ৭৪	-	-	৩৭৩	০.০৯০০	নাল	০.০৮০০	
২	১/১, ১৩১	-	-	৩৭৪	০.০৯০০	নাল	০.০৭৫০	
৩	১/১, ৭৪, ১৮৭	-	৩৭৫	-	০.১৫০০	নাল, ভিটি	০.১৫০০	
৪	১/১, ১৩১	-	-	৩৭৬	০.১৮০০	নাল	০.১৬০০	
৫	১/১, ১৭৩	-	-	৩৭৯	০.৭৮০০	নাল	০.৩৭০০	
৬	১৮৭	-	-	৩৮০	০.১৮০০	নাল	০.০২০০	
৭	১৮৮	-	-	৩৮৩	০.৩৩০০	নাল	০.২০৭৫	
৮	৭৪	-	-	৩৮৪	০.০৭০০	নাল	০.০১২৫	
৯	২২, ৩৪/১, ৯৪/১, ১৯৮/১	-	-	৩৮৫	০.৭৮০০	নাল	০.৩০০০	
১০	১৪৫	-	-	৩৮৬	০.৬৫০০	নাল	০.১২৫০	
মোট জমির পরিমাণ-							১.৫০০০	

জেলাপ্রশাসক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

আমিনুল ইসলাম
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা

ফরম - 'ক'

[ধারা ৪ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য]

এল.এ কেস নং- ০১/২০২২-২০২৩

জারির নম্বর- ২১০


তারিখ- ৩০.১২.২০২৩ খ্রিঃ

নোটিশ

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য:

- ১। উল্লেখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও/সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- ২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুত পূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণ পূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- ৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণী পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- ৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.comilla.gov.bd ভিজিট করুন।

জেলাপ্রশাসক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা


আমিরুল ইসলাম
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
কুমিল্লা